

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ইসলামের প্রথম যুগে স্ত্রী মিলনের পর বীর্যপাত না হলে, গোসল ছাড়া যা করা জরুরী ছিল

ذِكْنُ مَا كَانَ عَلَى مَنْ أَكْسَلَ فِي أَوَّلِ الْإِسْلَام سِوَى الِاغْتِسَالِ مِنَ الْجَنَابَةِ

আরবী

1168 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبِ بْنِ أَبِي كَرِيم قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنِ أَبِي كَرِيم قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنِ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ عَنْ أَبِي صَالِحٍ قَالَ: سَمِعْتُ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ يَقُولُ: خَرَجْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا حَتَّى مَرَّ بِدَارِ رَجُلٍ مِنَ الْأَنْصَارِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا حَتَّى مَرَّ بِدَارِ رَجُلٍ مِنَ الْأَنْصَارِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(أَيْنَ فُلَانٌ؟) فَدَعَاهُ فَخَرَجَ الرَّجُلُ مُسْتَعْجِلًا يَقْطُرُ رَأْسُهُ مَاءً فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لعلَّنا أَعْجَلْنَاكَ عَنْ حَاجَتِكَ)؟ فَقَالَ الرَّجُلُ: أَجَلْ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ لَقَدْ أُعْجِلْتُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا عَجِلَ أَحَدُكُمْ أَوْ أُقْحِطَ فَلَا غُسْلَ عَلَيْهِ إِنَّمَا عَلَيْهِ أَن يتوضأ)

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1168 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৬৮. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাথে একদিন বের হলাম, এমনকি আমরা এক আনসারী ব্যক্তির বাড়ির পাশ দিয়ে অতিক্রম করলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "ওমুক কোথায়?" অতঃপর তিনি ডাক দেন। ফলে সেই সাহাবী তাড়াহুড়া করে বের হন, তার মাথা থেকে পানি ফোটায় ফোটায় পানি পড়ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সম্ভবত আমরা তোমাকে তোমার প্রয়োজন থেকে তাড়াহুড়ায় ফেলে দিয়েছি?" সাহাবী বলেন, "জ্বী, হ্যাঁ। আল্লাহর কসম! হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি তাড়াহুড়ায় পড়ে গিয়েছিলাম



(বীর্যপাতের আগেই উঠে এসেছি)।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন তোমাদের কেউ তাড়াহুড়া করবে (বীর্যপাতের আগেই উঠে যাবে) অথবা বীর্যপাত না হবে, তার উপর গোসল আবশ্যক নয়, তার জন্য আবশ্যক হলো ওযু করা।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ১/৫৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮৯; মুসনাদ আহমাদ: ৩/২১; সহীহ বুখারী: ১৮০; সহীহ মুসলিম: ৩৪৫; ইবনু মাজাহ: ৬০৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৫৪; সুনান বাইহাকী: ১/১৬৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২১০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন